গাংনীতে ‘‘বীর নিবাস’’ প্রকল্পের উদ্বোধন

বীর মুক্তিযোদ্ধোদের জন্য মাননীয় প্রধানমন্ত্রী’র উপহার হিসেবে ‘ ‘বীর নিবাস’’প্রকল্পের শুভ উদ্বোধন করা হয়েছে।

বীর নিবাসের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনী অনুষ্ঠানে ভার্সুয়ালী যুক্ত হন বিভিন্ন জেলা ও উপজেলা। সে লক্ষ্যে আজ বুধবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক, গাংনী ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার স্ব স্ব উপজেলার বীর নিবাসের চাবি হস্তান্তর করেন।

গাংনী উপজেলা পরিষদ সভা কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার রনী খাতুন।

এসময় উপস্থিত ছিলেন পৌর মেয়র আহম্মেদ আলী, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী, উপজেলা আ.লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান, গাংনী প্রেস ক্লাব সভাপতি তৌহিদ উদ-দৌলা রেজা ও সাধারণ সম্পাদক মাহবুব আলম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরাঞ্জন চক্রবর্তী ও সমাজসেবা কর্মকর্তা আরশাদ আলীসহ বীর মুক্তিযোদ্ধা ও সরকারি কর্মকর্তাবৃন্দ। বীর নিবাস নির্মাণে ব্যায় ধরা হয়েছে প্রায় ১৩ লক্ষাধিক টাকা। পর্যায়ক্রমে দরিদ্র, অসহায় ও অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের সকলেই প্রধানমন্ত্রীর এ উপহার পাবেন বলে জানা গেছে।

জীবনের মায়া ত্যাগ করে পরিবার পরিজনের চিন্তা না করে যারা দেশ স্বাধীনে ঝাপিয়ে পড়েছিলেন। যাদের আত্নত্যাগের বিনিময়ে দেশ স্বাধীন হয়েছে এসকল একাত্তরের অকুতোভয় বীর মুক্তিযোদ্ধারা পেলেন নিজস্ব বাড়ী। দরিদ্র, অসহায় মুক্তিযোদ্ধা যাদের ঘর নির্মানের সামর্থ ছিল না তাদের জন্য বীর নিবাস নির্মান করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে আনুষ্ঠানিকভাবে এই বীর নিবাসের চাবি বুঝিয়ে দেওয়া হয়েছে। মেহেরপুর জেলায় তিনটি উপজেলায় আজ ৩৪টি বীর নিবাসের চাবি বীর মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

এর মধ্যে সদর উপজেলায় ১১টি, মুজিবনগর উপজেলায় ১১টি এবং গাংনী

উপজেলায় ১২টি বীর নিবাস রয়েছে।

গাংনীর হিন্দা এইচএমএইচভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীণ বরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা এইচ এম এইচ ভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নবীন বরণ এবং অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার দুপুর ১২ টার দিকে বিদ্যালয় প্রাঙ্গণ চত্বরে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করেন বিদ্যালয় কর্তৃপক্ষ । নবীণ বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুল হালিম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, এমপি পত্নি ও উপজেলা মহিলা আওয়ামীলীগ নেত্রী লাইলা আরজুমান বানু, তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা, কাথূলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, আওয়ামীলীগ নেতা ও হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম।
অনুষ্ঠানে শিক্ষার্থীদের অভিভাবক বৃন্দ,শিক্ষার্থীবৃন্দ ও স্থানীয় গন্যমান্য ব্যাক্তিরা উপস্থিত ছিলেন।

হিন্দা এইচ এম এইচ ভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের একাডেমিক ভবন, শেখ রাসেল ডিজিটাল ল্যাব, সামীনা প্রাচীর নির্মাণ কাজের উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গাংনীতে পৃথক অভিযানে হেরোইন বিক্রেতাসহ ৩ জন গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া গ্রামের বেনাগাড়িয়া এলাকায় অভিযান চালিয়ে ৫ গ্রাম হেরোইনসহ বাবর আলী (৪৫) নামের এক মাদক বিক্রেতাকে আটক করেছে পুলিশ।

সোমবার দিবাগত রাতে গাংনী থানার এস আই সাইফুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন। আটক বাবর আলী গাড়াবাড়ীয়া গ্রামের মুত আব্দুল মান্নানের ছেলে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে গাড়াবাড়ীয়া গ্রামের বেনাবাড়িয়া এলাকায় অভিযান পরিচালনা করে ৫ গ্রাম হেরোইনসহ তাকে আটক করা হয়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

এছাড়া গাংনী থানা পুলিশের পৃথক দুটি টিম অভিযান পরিচালনা করিয়া জিআর মামলার ওয়ারেন্টভুক্ত ও নিয়মিত মামলার একজন আসামিকে গ্রেফতার করা হয়।

গাংনীতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনে প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুৃজ্জামান

খোকন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ রনি খাতুনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক ।
অনুষ্ঠানে এমপি পত্নি লাইলা আরজুমান শিলা ,গাংনী থানার ওসি তদন্ত মনোজিৎ কুমার নন্দি, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান বৃন্দ, সরকারি -বেসরকারি অফিসের কর্মকর্তা বৃন্দ প্রস্ততি সভায় অংশ গ্রহন করেন।

প্রতি বছরের ন্যায় এবারও গাংনী উপজেলায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনে নানা কর্মসুচী গ্রহন করেছে উপজেলা প্রশাসন।

গাংনীর আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরের গাংনীর আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ে নবীন শিক্ষার্থীদের বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান করেছে বিদ্যালয় কর্তৃপক্ষ।

সোমবার সকাল ১০টার দিকে উপজেলার আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি আখতারুজ্জামান বাবু। সময় শিক্ষক-শিক্ষার্থীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। নবীনদের বরণ শেষে ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের বিদায়ী সংবর্ধনা দেয়া হয়েছে এবং দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত

হয়েছে।

গাংনীতে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে কম্বল বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত কম্বল বিতরণ করেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ।

মুক্তিযোদ্ধা, অসহায় দুস্থ ও বিশেষ চাহিদা সম্পন্ন এবং মাদ্রাসা শিক্ষার্থীসহ মোট দুই হাজার জনের মাঝে এ কম্বল বিতরন করা হয়েছে।

সোমবার বিকেল সাড়ে তিনটার দিকে মেহেরপুরের গাংনী সিদ্দিকীয়া সিনিয়র দাখিল মাদ্রাসা প্রাঙ্গণে এ কম্বল বিতরণ করা হয়। গাংনী পৌর আওয়ামীলীগের সভাপতি ছানোয়ার হোসেন বাবলুর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনরুল ইসলাম বাবু, ওয়ার্ড কাউন্সিলন মোতালেব হোসেন,সাবেক ছাত্রনেতা ও পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতুসহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

শিক্ষা বন্ধব আওয়ামীলীগ সরকারকে আবারো ক্ষমতায় আনতে হবে এমপি খোকন

মেহেরপুরের গাংনী উপজেলার ভাপটাড়া(বিএন) কলেজের নব নির্মিত একাডেমিক ভবনের উদ্বোধন করেছেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ

এমপিও ভুক্তি করতে যে সকল শর্ত আছে তা প্রতিষ্ঠান পরিচালকদের পুরুন করতে হবে জানিয়ে এমপি সাহিদুজ্জামান বলেন, দরিদ্র বাংলাদেশ থেকে আজ উন্নয়নের বাংলাদেশে পরিনত হয়েছে আওয়ামীলীগ সরকারের আমলে। এসরকার ক্ষমতায় আসরে দেশের উন্নয়ন হয়। যে উন্নয়ন পৌছে যায় শহর থেকে গ্রামেও। যার ফল পাচ্ছেন গাংনীর সাহারবাটি,নওপাড়া,ভাটপাড়াসহ গাংনী উপজেলার সকল মানুষ।

তিনি বলেন, প্রায় কোটি টাকা ব্যায়ে ভঅটপড়া বাজারে একটি মার্কেট নির্মাণ করা হয়েছে। একটি ইউনিয়ন ভুমি অফিস নির্মান করা হয়েছে,একটি ডিসি ইকোপার্ক হয়েছে,কয়েকটি বধ্যর্ভমি নির্মাণ করা হয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ করে শিক্ষাকে এগিয়ে নিচ্ছে সরকার। প্রতিটি উপজেলায় একটি করে নান্দনিক ও দৃষ্টি নন্দন মডেল মসজিদ নির্মাণ করা হয়েছে যা আওয়ামীলীগ সরকারের অর্জন। স্বল্প আয়ের বাংলাদেশ আজ স্মার্ট বাংলাদেশ হতে যাচ্ছে। মেট্রো রেলে ঢাকা ভ্রমণ করতে পারছে মানুষ। এতো এতো উন্নয়ন বিরোধী দলীয় লোকজন চোখে দেখতে পায়না। তাই পাড়া মহল্লা আর চায়ের দোকানে বসে সরকারের সমালোচনায় লিপ্ত থাকে। যারা সরকারের বিরুদ্ধে কথা বলে তারাই আবার সরকারের সব সুবিধা ভোগ করছেন বলে বক্তব্যে বলেন তিনি।

তিনি বলেন, ভুমিহীনরা ভূমি পেয়েছেন,গৃহহীনরা গৃহ পেয়েছে। যাদের আত্ন ত্যাগের বিনিময়ে দেশ স্বাধীন হয়েছে, যাদের যুদ্ধে আমরা একটি স্বাধীন ভু-খন্ড পেয়েছি,সেই সকল বীর মুক্তিযোদ্ধারা যথাউপোযুক্ত মর্যাদা পেয়েছেন। অন্য সরকারের আমলে আপনারা অবহেলিত ছিলেন। আপনারা যেভাবে সরকার কর্তৃক সম্মানীত হয়েছেন আবারো এই আওয়ামীলীগ সরকারকে ক্ষমাতায় এনে দেশের উন্নয়ন অব্যাহত রাখবেন বলেও সকলের প্রতি প্রত্যাশা করেন এমপি সাহিদুজ্জামান খোকন।

গাংনীর জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ

ও নতুন ভবন উদ্বোধন এবং এসএসসি ছাত্র-ছাত্রীদের বিদায় অনুষ্ঠান ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার(১২ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে বিদ্যালয় প্রঙ্গনে এসকল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে নবীণ বরণ অনুষ্ঠানের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন (এমপি)। জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিমের সভাপতিত্বে বিশেষ অতিথি উপস্থিত ছিলেন,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার, গাংনী পৌরসভার কাউন্সিলর মোতালেব হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত,জাতীয় পতাকা উত্তোলন নবীণদের ফুল দিয়ে বরণ করা হয়। বিভিন্ন ডিস্পেপ্রদর্শন করা হয়। এরপর ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের ফুল দিয়ে বিদায়ী সম্বর্ধনা দেয়া হয়। পরে বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষকদের ফুল ও ক্রেস্ট প্রদান করা হয়। সব শেষে একটি ৪ তালা ভবন নির্মাণ কাজের উদ্বোধন করেন প্রধান অতিথি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি।

গাংনীতে পৃথক তিনটি স্থানে বিএনপির পদযাত্রা

মেহেরপুরের গাংনীতে গণতন্ত্র পুনরুদ্ধার,সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মামলা প্রত্যাহার,বিএনপির নেতাকর্মীদেও গ্রেফতার হয়রানী বন্ধ, দ্রব্যমুল্যে কমিয়ে মানুষের ক্রয়ক্ষমাতার মধ্যে সিমাবদ্ধ রাখাসহ মোট ১০ দফা দাবিতে পৃথক তিনটি স্থানে পদ যাত্রা করেছে গাংনী উপজেলা বিএএনপি।

শনিবার বিকেলে গাংনী উপজেলার কাজিপুর, মটমুড়া ও সাহারবাটি ইউনিয়ন বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃত্বে এ পদযাত্রা অনুষ্ঠিত হয়।

কাজিপুর কলেজ প্রাঙ্গণের পদযাত্রায় নেতৃত্ব দেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, মটমুড়া ইউনিয়নের বাওট বাজারে আয়োজিত পদযাত্রায় নেতৃত্ব দেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও সাহারবাটি এলাকার পদযাত্রায় নেতৃত্ব দেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

পৃথক তিনটি স্থানে গাংনী উপজেলার ৯টি ইউনিয়নের বিএনপির নেতৃবৃন্দ কর্মী সমর্থকরা পদযাত্রায় অংশ গ্রহণ করেন।

গাংনীর গাড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ ও ভবন উদ্বোধন অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ ও নতুন ভবন উদ্বোধন এবং এসএসসি ছাত্র-ছাত্রীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার(১১ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে বিদ্যালয় প্রঙ্গনে এসকল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে নবীণ বরণ অনুষ্ঠানের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন (এমপি), গাড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিলরুবা ইয়াসমিনের সভাপতিত্বে বিশেষ অতিথি উপস্থিত ছিলেন জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হক,গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, এমপির পত্নী লায়লা আরজুমান বানু শিলা। এসময় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত,জাতীয় পতাকা উত্তোলন নবীণদের ফুল দিয়ে বরণ করা হয়। এরপর ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের ফুল দিয়ে বিদায়ী সম্বর্ধনা দেয়া হয়। পরে বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষকদের ফুল ও ক্রেস্ট প্রদান করা হয়। সিরিয়া ও তুরস্কে ভয়াবহ ভুমিকম্পে নিহত প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করে এবং এক মিনিট নীরবতা